

প্রাণচঞ্চল বাদামি রঙের শিশু

অনুবাদ - অলোক রঞ্জন দাশগুপ্ত

বাদামি রঙের ছল্‌বলে ছেলে, যে - সূর্য ফল দেয়,  
এবং শস্য পরিণত করে, সমুদ্রশৈবাল  
বাঁকায় - চোরায়, সে তোমার সুখী শরীর তীব্র চোখ  
গড়েছে, তোমার আননে এনেছে জলের সহজ হাসি।

দুশ্চিন্তায় কালো সূর্যটা তোমার কালো কেশরে  
জড়িয়ে গিয়েছে যখন তোমার হাত দুটি মেলে ধরো।  
তুমি খেলা করো সূর্যে যেমন জোয়ার - লাগে নদীতে,  
সে রাখে তোমার চোখে দুটি কালো হৃদ।

বাদামি রঙের ছল্‌বলে ছেলে, কী করে যে কাছে যাব,  
সবাই এই মধ্যাহ্নে আমার কাছ থেকে যায় সরে।  
তুমি তো সুরেলা বিকারে মূর্ত মধুপের যৌবন,  
চেউয়েব মদোন্মত্ততা আর গরমে সম্ভাবনা।

আমার সামাচ্ছন্ন হৃদয়ে তোমাকে সদাই খুঁজি,  
ভালোবাসি তোর সুখী শরীরটা, গাঢ় ও নরম স্বর,  
ঘন প্রজাপতি, মধুর সুনিশ্চিত  
গমপ্রান্তর সূর্য আফিৎ জলের তোড়ের মতো।

পাবলো নেদা

